CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2022/TDC (CBCS)/EVEN/SEM/**
**BNGDSC/GEC–401T/020**

**TDC (CBCS) Even Semester Exam., 2022**

# BENGALI

**( 4th Semester )**

Course No. : BNGDSC/GEC–401T

( বিশ শতকের বাংলা সাহিত্য—১ )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণ মান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

১। 'সঞ্চিতা' কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে?

২। নজরুলের ডাকনাম কী?

৩। 'আজ সৃষ্টি-সুখের উল্লাসে' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

৪। 'মানুষ' কবিতায় কবি কোন্ দুজন মানুষের প্রতি ঘৃণা প্রদর্শন করেছেন?

৫। 'সাম্যবাদী' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

৬। মালার স্বামীর নাম কী?

৭। কুবেরের শ্যালিকার নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৮। ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসটি প্রথম কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছে?

৯। ময়নাদ্বীপের মালিকের নাম কী?

১০। মালা কঠিন রোগে অসুস্থ হলে সে কার সঙ্গে হাসপাতালে গিয়েছিল?

১১। ‘সাজাহান’ নাটক ছাড়া দ্বিজেন্দ্রলাল রায়ের অন্য আরেকটি ঐতিহাসিক নাটকের নাম উল্লেখ করো।

১২। ‘সাজাহান’ নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে?

১৩। পিয়ারা কে?

১৪। ‘সাজাহান’ নাটকের অঙ্ক সংখ্যা কত?

১৫। জাহানারার পিতার নাম কী?

১৬। ‘মহেশ’ গল্প ছাড়া শরৎচন্দ্রের অন্য আরেকটি গল্পের নাম উল্লেখ করো।

১৭। তারিণীর সহধর্মিণীর নাম কী?

১৮। ‘পুঁইমাচা’ গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছে?

১৯। ‘ফসিল’ শব্দের অর্থ কী?

২০। মহেশ কে?

২১। বনফুল কার ছদ্মনাম?

২২। ‘শ্রীমধুসূদন’ নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে?

২৩। মধুসূদনের যে কোনো একজন বন্ধুর নাম লেখো।

২৪। মধুসূদনের বাবার নাম কী?

২৫। কোন্ পত্রিকায় ‘শ্রীমধুসূদন’ নাটকটি প্রথম প্রকাশিত হয়েছে?





## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

২৬। কোন্ কবিতা লেখার জন্য নজরুলকে কারাবাস করতে হয়েছে? কারাগারে বসে নজরুল কোন্ কবিতাটি লিখেছেন?

২৭। নজরুল রবীন্দ্রনাথকে কোন্ কাব্যটি উৎসর্গ করেছেন এবং নজরুলকে রবীন্দ্রনাথ কোন্ নাটকটি উৎসর্গ করেছেন?

২৮। কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে ‘পদ্মানদীর মাঝি’ প্রথম প্রকাশিত হয়েছে?

২৯। কপিলার বোন ও জামাইবাবুর নাম কী কী?

৩০। দারার পুত্রদ্বয়ের নাম কী কী?

৩১। সাজাহানের স্ত্রী ও কন্যার নাম উল্লেখ করো।

৩২। গফুর কোন্ গ্রামে বাস করতো? সে গ্রামের মাতব্বরের নাম কী?

৩৩। ‘তারিণী মাঝি’ কোন্ নদীর, কোন্ ঘাটের মাঝি ছিল?

৩৪। ‘শ্রীমধুসূদন’ ছাড়া বনফুলের অন্য দুটি নাটকের নাম উল্লেখ করো।

৩৫। মধুসূদনের দুই স্ত্রীর নাম উল্লেখ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। ‘আজ সৃষ্টি-সুখের উল্লাসে’ কবিতা অবলম্বনে কবির উল্লাসের কারণ ও স্বরূপ উল্লেখ করো।

৩৭। ‘মানুষ’ কবিতায় কবি সমাজের ভণ্ড মোল্লা ও পুরোহিতদের যে ভণ্ডামির স্বরূপ তুলে ধরেছেন তা উল্লেখ করো।

৩৮। আঞ্চলিক উপন্যাস হিসেবে ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের সার্থকতা বিচার করো।

৩৯। ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের কুবের চরিত্রের মধ্য দিয়ে জেলে জীবনের যে স্বরূপ ফুটে উঠেছে তা উপন্যাস-কাহিনি অবলম্বনে উল্লেখ করো।

৪০। ‘সাজাহান’ নাটক অবলম্বনে সাজাহানের ট্র্যাজিক চরিত্রের স্বরূপ উল্লেখ করো।

৪১। ঐতিহাসিক নাটক হিসেবে ‘সাজাহান’ নাটকটির সার্থকতা উল্লেখ করো।

৪২। ‘মহেশ’ গল্পে মহেশকে কেন্দ্র করে সমাজের শোষণ, নিষ্ঠুরতা, অন্যায়-অবিচারের যে ছবি গল্পকার ফুটিয়ে তুলেছেন তা উল্লেখ করো।

৪৩। ‘পুঁইমাচা’ গল্পটির নামকরণের সার্থকতা উল্লেখ করো।

৪৪। ‘শ্রীমধুসূদন’ নাটক অবলম্বনে মধুসূদনের চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

৪৫। বনফুলের ‘শ্রীমধুসূদন’ নাটক অবলম্বনে জাহ্নবীদেবী চরিত্রটি আলোচনা করো।

★★★